

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এসএফডি সার্কুলার লেটার নং: ০৩

তারিখ: জুন ১৬, ২০২০
আষাঢ় ০২, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

দেশে করোনাভাইরাস উদ্ভূত সঙ্কট মোকাবেলায় স্বাস্থ্যখাতে
করপোরেট সামাজিক দায়বদ্ধতা(সিএসআর) বাজেট বরাদ্দ প্রসঙ্গে।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত ডিসেম্বর ২২, ২০১৪ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭/২০১৪ এবং মার্চ ২২, ২০২০ তারিখের এসএফডি সার্কুলার লেটার নং-০১/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিদ্যমান নির্দেশনা অনুযায়ী করোনাভাইরাসের প্রাদুর্ভাবে দেশের জনস্বাস্থ্যে উদ্ভূত সঙ্কট মোকাবেলায় সিএসআর ব্যয় বন্টনে স্বাস্থ্যখাতে ৬০%, শিক্ষাখাতে ৩০% এবং জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ১০% ব্যয় করার নির্দেশনা রয়েছে। বর্তমান প্রেক্ষাপট যথা গুরুত্ব বিবেচনায় কভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্য খাতে নির্ধারিত ৬০% ব্যয়ের পরিমাণ এবং যথার্থতা নিশ্চিত করতে হবে।

০৩। বৈশ্বিক মহামারী নভেল করোনাভাইরাসের (কভিড-১৯) প্রাদুর্ভাবের কারণে দেশের জনস্বাস্থ্যে উদ্ভূত সঙ্কট মোকাবেলায় স্বাস্থ্যখাতে বিভিন্নমুখী পদক্ষেপ গ্রহণ অত্যাবশ্যক হয়ে পড়েছে। এলক্ষ্যে আপনাদের ব্যাংকের সিএসআর কর্মকাণ্ডের আওতায় স্বাস্থ্যখাতে নিয়মিত কার্যক্রমসহ কভিড-১৯ রোগে আক্রান্ত জনগোষ্ঠীর চিকিৎসা ব্যবস্থায় অত্যাবশ্যকীয় মেডিকেল ইকুইপমেন্টস্ (PCR Machine, Ventilator Machine, Oxygen Cylinder ইত্যাদি) ক্রয় এবং স্বাস্থ্য সেবায় নিয়োজিত সকলের (চিকিৎসক, স্বাস্থ্য সেবিকা, সহযোগী/ওয়ার্ডবয়, পরিচ্ছন্নতাকর্মী ইত্যাদি) স্বাস্থ্য ঝুঁকি নিরসনে প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী প্রদানের মাধ্যমে সহযোগিতা করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে। এ সহযোগিতার আওতা জেলা পর্যায়ে বিস্তৃত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। উল্লিখিত ০২ নং ক্রমিকে বর্ণিত স্বাস্থ্যখাতে ব্যয়ের বিবরণী পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত এ বিষয়ক ব্যয় জুন ১০, ২০১৫ তারিখের এসএফডি সার্কুলার লেটার নং-০৬ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট এর 'Social Projects/Community Investment' খাতের প্রযোজ্য উপখাতে প্রদর্শন করার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৩২০

E-mail: morshed.millat@bb.org.bd
gm.sfd@bb.org.bd